

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)

www.supremecourt.gov.bd



০২ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

১৬ জুন ২০২০ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি নং- ০৫

জে

তারিখ

বিষয়: উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত লাল অঞ্চলে (Red Zone) অবস্থিত অধস্তন আদালত/আদালতসমূহ এবং লাল অঞ্চলে (Red Zone) বসবাসকারী অধস্তন আদালতের কর্মকর্তা/কর্মচারীগণের সাধারণ ছুটি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত Bangladesh Risk Zone-Based COVID-19 Containment Implementation Strategy/Guide অনুসরণ করে সংক্রমণের ভিত্তিতে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ এর কর্তৃত্ব অনুযায়ী এখতিয়ারবান কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত লাল অঞ্চলে (Red Zone) অবস্থিত সামরিক বা অ-সামরিক সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত বা বেসরকারি দপ্তরসমূহ এবং লাল অঞ্চলে (Red Zone) বসবাসকারী বর্ণিত দপ্তরের কর্মকর্তাগণ সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগের ১৫ জুন ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১১১ নং স্মারকে উল্লেখ করা হয়েছে।

২। এমতাবস্থায়, উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত লাল অঞ্চলে (Red Zone) অবস্থিত অধস্তন আদালত/আদালতসমূহ এবং লাল অঞ্চলে (Red Zone) বসবাসকারী অধস্তন আদালতের কর্মকর্তা/কর্মচারীগণ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

৩। সাধারণ ছুটিকালে আদালতের কোনো কর্মকর্তা/কর্মচারী নিজ কর্মস্থল ত্যাগ করতে পারবেন না।

৪। সাংবিধানিক বাধ্যবাধকতায় লাল অঞ্চল (Red Zone)-সহ দেশের প্রত্যেকটি জেলায় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এবং মেট্রোপলিটন এলাকায় চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে জরুরি মামলার জন্য এক বা একাধিক ম্যাজিস্ট্রেট কর্তব্যরত থাকবেন।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বা/

(মো: আলী আকবর)

রেজিস্ট্রার জেনারেল

ফোন:৯৫৬২৭৮৫

ই-মেইল:rg@supremecourt.gov.bd

০২ আষাঢ় ১৪২৭ বঙ্গাব্দ

১৬ জুন ২০২০ খ্রিস্টাব্দ

স্মারক নং-২৯২৮

জে

তারিখ

কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১) সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ, ঢাকা।
- ৩) জেলা জজ/মহানগর দায়রা জজ.....(সকল) (অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো।)
- ৪) বিভাগীয় স্পেশাল জজ /স্পেশাল জজ.....(সকল)
- ৫) চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/প্রম আপীল আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রম আদালত.....সকল
- ৬) চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলম্যান্ট/নিম্নতম মজুরী বোর্ড/কাস্টমস,, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল.....সকল
- ৭) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল /জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দুত বিচার ট্রাইব্যুনাল.....সকল
- ৮) বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনাল/স্পেশাল ট্রাইব্যুনাল , বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা.....(সকল)
- ৯) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট.....(সকল)(অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো।)
- ১০) প্রধান বিচারপতির সচিব/ একান্ত সচিব বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ, ঢাকা।
- ১১) সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ১২) সভাপতি/ সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি,.....(সকল)
- ১৩) নোটিশ বোর্ড।

মোহাম্মদ আক্তারুজ্জামান ভূইয়া
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

D:\বিবিধ বিষয়ক সংক্রান্ত নথি